

ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার পর্দা নামছে আজ

- A Monitor Desk Report

Date: 31 January, 2026



ঢাকাঃ মাসব্যাপ্তি চলা ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার পর্দা নামছে আজ শনিবার (৩১ জানুয়ারি)। ছুটির দিন হওয়ায় শেষদিনেও ভালো বেচাকেনার প্রত্যাশা করছেন ব্যবসায়ীরা।

মেলার শেষ শুক্রবার (৩০ জানুয়ারি) সকাল থেকেই রাজধানীর পূর্বাচলে অবস্থিত বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার (বিবিসিএফইসি) এলাকায় দর্শনার্থীদের উপচে পড়া ভিড় লক্ষ্য করা গেছে।

সংশ্লিষ্টরা বলছেন, অন্যান্য বছরের তুলনায় এবার শেষ দিনের বিক্রি তুলনামূলক বেশি হতে পারে। বিশেষ করে ছুটির দিনে মেলার সমাপ্তি হওয়ায় অনেক ক্রেতাই শেষ মুহূর্তে কেনাকাটার সুযোগ নিতে এসেছেন। কর্মদিবসে দর্শনার্থীর সংখ্যা কম থাকলেও ছুটির দিনগুলোতে ছিল উল্লেখযোগ্য ভিড়।

তবে ব্যবসায়ীদের একটি বড় অংশ বলছেন, পুরো মেলার সময়জুড়ে ব্যবসা প্রত্যাশামতো হয়নি। রাষ্ট্রীয় শোক পালনের কারণে এবার ৩ দিন কম সময় পেয়েছেন তারা। এর পাশাপাশি মেলার শুরুতে বৈরী আবহাওয়া এবং জাতীয় নির্বাচনের প্রভাবও বেচাবিক্রিতে নেতৃত্বাচক প্রভাব ফেলেছে বলে দাবি করছেন অনেকে।

অন্যদিকে, রপ্তানি উন্নয়ন ব্যৱো (ইপিবি) জানিয়েছে, সার্বিক হিসাবে এবছর মেলায় ক্রেতা ও দর্শনার্থীর সংখ্যা বেড়েছে।

সংস্থাটির তথ্য অনুযায়ী, গত বছরের তুলনায় এবছর দর্শনার্থীর সংখ্যা প্রায় ১৫ শতাংশ বেশি ছিল। পাশাপাশি ত্যাট আদায়ও বেড়েছে প্রায় ৮ শতাংশ।

শেষ দিনের ক্রেতাদের আকৃষ্ট করতে অধিকাংশ স্টল ও প্যাভিলিয়নে দেওয়া হচ্ছে বিশেষ মূল্যহাড়। কোথাও ১০ শতাংশ, কোথাও আবার ৭০ শতাংশ পর্যন্ত ছাড়ে পণ্য বিক্রি করা হচ্ছে। এর সঙ্গে যুক্ত হয়েছে উপহার ও গিফ্ট ভাউচারের নানা অফার, যা শেষ দিনে কেনাকাটার আগ্রহ

বাড়িয়েছে।

উল্লেখ্য, ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার ৩০তম আসর চলতি বছরের ৩ জানুয়ারি উদ্বোধন করা হয়।

-B